

ইসলামী বিশ্ববিদ্যালয়

কোরআনের আয়াতের অবমাননায়  
পরিস্থিতি উত্তপ্ত ॥ পূজা  
কমিটির ক্ষমা প্রার্থনা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥  
ইসলামী বিশ্ববিদ্যালয়ের সরস্বতী পূজা  
উদযাপন কমিটি কর্তৃক প্রকাশিত পূজা  
(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

ইসলামী বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর)

অনুষ্ঠানের আমন্ত্রণপত্রে সরস্বতী মূর্তির ঠিক  
পায়ের নীচে বিশ্ববিদ্যালয়ের পবিত্র  
কোরআনের আয়াত সম্বলিত মনোপ্রার্থনা  
মুদ্রিত করার ঘটনা নিয়া অত্র এলাকায়  
উত্তেজনার পরিস্থিতির সৃষ্টি হইয়াছে।  
ঘটনার সহিত জড়িতদের গ্রেফতার ও  
দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে অত্র এলাকা  
এবং কুষ্টিয়া ও ঝিনাইদহে বিশ্ববিদ্যালয়ের  
অভিভাবক পরিষদ, বিশ্ববিদ্যালয় উন্নয়ন  
পরিষদ এবং ইসলামী ছাত্র শিবির বিক্ষোভ  
অব্যাহত রাখিয়াছে। পুলিশ প্রশাসন সতর্ক  
রহিয়াছে।

প্রসঙ্গতঃ অত্র বিশ্ববিদ্যালয়ের  
মনোপ্রার্থনায় পবিত্র কোরআনের সূরা আল-  
ইমরানের ১৯ নম্বর আয়াত ইন্সাদীনা  
ইন্দাল্লাহিল ইসলাম' যাহার অর্থ "নিশ্চয়ই  
ইসলামই আল্লাহর নিকট মনোনীত একমাত্র  
ধর্ম" খচিত রাখিয়াছে। কোনও ক্ষেত্রে  
বিশ্ববিদ্যালয়ের উক্ত মনোপ্রার্থনা ব্যবহার  
করিতে হইলে কর্তৃপক্ষের লিখিত অনুমতি  
নিতে হইলেও এক্ষেত্রে পূজা উদযাপন  
কমিটি তাহা পালন করে নাই বলিয়া  
কর্তৃপক্ষ সূত্রে জানা গিয়াছে। উক্ত পূজা  
কমিটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের  
হিন্দু ছাত্র-ছাত্রীদের দ্বারা পরিচালিত  
হইলেও ভাইস-চ্যান্সেলর প্রফেসর কায়স  
উদ্দিন ইহার প্রধান উপদেষ্টা এবং  
ট্রেজারার, প্রক্টরসহ অনেকেই অন্যান্য  
উপদেষ্টা হিসাবে রাখিয়াছেন। বর্তমানে  
বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় সংশ্লিষ্টদের  
বিরুদ্ধে অনুমতি ব্যতীত বিশ্ববিদ্যালয়ের  
মনোপ্রার্থনা ব্যবহারের বিষয়ে শাস্তিমূলক  
ব্যবস্থা নেওয়া হইবে কি-না তাহা জানা যায়  
নাই।

এদিকে উক্ত সরস্বতী পূজা উদযাপন  
কমিটি গত বুধবার এক প্রেস বিজ্ঞপ্তিতে  
সরস্বতীর প্রতিকৃতির পায়ের নীচে  
বিশ্ববিদ্যালয়ের মনোপ্রার্থনা মুদ্রণের বিষয়ে  
নিজেদের অজ্ঞতা প্রকাশ করিয়া দুঃখ  
প্রকাশ এবং ক্ষমা প্রার্থনা করিয়াছে।

অপরদিকে কতিপয় মহল ঘটনাটিকে  
রাজনৈতিক রূপদান এবং বিশ্ববিদ্যালয়ের  
ভাবমূর্তি ক্ষুণ্ণ ও ইসলামের অবমাননার  
ব্যাপারে ভাইস-চ্যান্সেলরের বিরুদ্ধে  
অভিযোগ আনিয়া উহাকে জড়িয়া নানা  
আপত্তিকর মন্তব্য প্রকাশ অব্যাহত রাখায়  
সুষ্ঠু উত্তপ্ত পরিবেশ ক্রমেই জটিল রূপ  
নিতেছে।

উল্লেখ্য, গত ২/৩ বছর যাবৎ অত্র  
বিশ্ববিদ্যালয়ের হিন্দু শিক্ষার্থীরা নির্বিঘ্নে  
ব্যাপক উৎসাহ-উদ্দীপনায় পূজা-পার্বণ  
উদযাপন করিয়া আসিতেছে।